

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট  
মুক্তাগাছা, ময়মনসিংহ।



“বশবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন”

স্মারক নং- ৪৭.৬১.০০০০.৪০১.২৫.০১৪.৯০-১৬৮(০৬)

তারিখ: ০৬/০৪/২০২২ খ্রি.

বিষয়: “আধুনিক অফিস ব্যবস্থাপনা” প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: অধ্যক্ষ-অতিরিক্ত নিবন্ধক, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা মহোদয়ের স্মারক নং ৪৭.৬১.০০০০.৩৪১.২৫.০৪২.১২-৫০৪, তারিখ-২১.০৬.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আগামী ১৭/০৪/২০২২ খ্রি. (রবিবার) হতে ২১/০৪/২০২২ খ্রি. (বৃহস্পতিবার) পর্যন্ত ০৫(পাঁচ) দিনব্যাপি অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/সমমানদের “আধুনিক অফিস ব্যবস্থাপনা” প্রশিক্ষণ কোর্সে স্বাছ্যবিধি অনুসরণপূর্বক আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, মুক্তাগাছা, ময়মনসিংহে অনুষ্ঠিত হবে। বর্ণিত কোর্সে নিম্নোক্ত জেলা হতে নিম্নবর্ণিত লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণার্থীবৃন্দকে মনোনয়ন প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	জেলার নাম	প্রশিক্ষণার্থীর লক্ষ্যমাত্রা
০১.	কিশোরগঞ্জ	০৪ জন
০২.	নেত্রকোণা	০৪ জন
০৩.	শেরপুর	০৩ জন
০৪.	জামালপুর	০৩ জন
০৫.	টাঙ্গাইল	০৪ জন
০৬.	ময়মনসিংহ	০৬ জন
০৭.	আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, মুক্তাগাছা, ময়মনসিংহ	০১ জন
	মোট	২৫ জন

প্রশিক্ষণার্থীর জন্য আবশ্যিকীয় শর্তাবলীঃ

- ১। ক্যাম্পাস ও হোস্টেলে অবস্থানকালীন এবং প্রশিক্ষণ ক্লাসে সার্বক্ষণিক স্বাছ্যবিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে।
- ২। সাম্প্রতিক নিয়োগ ও পদোন্নতি প্রাপ্ত অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/সমমান এবং ইতোপূর্বে যারা এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেননি এমন প্রশিক্ষণার্থীদেরকে অগ্রাধিকারভিত্তিতে মনোনয়ন প্রদান করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক বিধায় হোস্টেলে অবস্থান করতে হবে।
- ৪। প্রশিক্ষণার্থীগণ শিশু বা অন্য কাউকে সঙ্গে আনতে পারবে না।
- ৫। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণার্থীদের কোন প্রকার ছুটি প্রদান করা হবেনা।
- ৬। মনোনীত প্রশিক্ষণার্থীদের নাম, পদবী, কার্যালয়ের নাম, মোবাইল নম্বর এ কার্যালয়ে ১৪/০৪/২০২২ খ্রি. তারিখের মধ্যে ই-মেইলে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল।
- ৭। প্রশিক্ষণার্থীগণকে আগামী ১৬/০৪/২০২২ খ্রি. তারিখ শনিবার সন্ধ্যা ৬:০০টার মধ্যে ইন্সটিটিউটের হোস্টেল কর্তৃপক্ষের নিকট রিপোর্ট করতে হবে(জনাব মোহাম্মদ ইউনুছ আলী, পরিদর্শক ও কোর্স পরিচালক এর মোবাইল নম্বর: ০১৭৩৪৫৬৭০৬৪)

জেলা সমবায় অফিসার/অধ্যক্ষ

কিশোরগঞ্জ/নেত্রকোণা/ শেরপুর/ জামালপুর/টাঙ্গাইল/ময়মনসিংহ/  
আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, মুক্তাগাছা, ময়মনসিংহ।

মোঃ আব্দুল ওয়াহেদ  
অধ্যক্ষ-উপনিবন্ধক

আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট  
মুক্তাগাছা, ময়মনসিংহ।

ফোন ০৯০২৮-৭৫৩২৬

principal\_muktagachaczi@yahoo.com

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ।
- ০২। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা।
- ০৩। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।